# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং-বিবিধ/৮৫২ তারিখ :২৬/০৯/২০১৬

বিষয়ঃ **৩৭তম বিসিএস -এর প্রিলিমিনারী টেস্ট এর কার্যক্রম গ্রহণ সংক্রান্ত।**

সূত্র: ক) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২৫.১৪.২২০ তারিখ:০৮/০৯/২০১৬খ্রিঃ।
খ) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০১.০০৯.১৬-৮১৮ তারিখ:২০/০৯/২০১৬খ্রিঃ।
গ) বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয় এর স্মারক নং-৮০.২০০.০৫৬.০০.০০.০৫০.২০১৬-২৪২ তারিখ: ৩০/০৮/২০১৬।

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৩৭তম বিসিএস পরীক্ষা-২০১৬ এর প্রিলিমিনারী টেস্ট ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর কেন্দ্রে আগামী ৩০/০৯/২০১৬ তারিখ শুক্রবার সকাল ৯:৩০ হতে ১১:৩০ পর্যন্ত অনুষ্ঠিত হবে।

উর্পযুক্ত সময়ে ৭টি বিভাগীয় শহরের সরকারি স্কুল/কলেজ এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অন্য কোন প্রতিষ্ঠানের পরীক্ষা কর্মসূচী না রাখার জন্য এবং উক্ত পরীক্ষা অনুষ্ঠানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে,

২৬/০৯/২০১৬

ড. মোঃ আশফাকুস সালেহীন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।
ফোন : ৯৬১৫২৩৬

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক,
অত্র বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।

সংযুক্তি:

ক) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২৫.১৪.২২০ তারিখ:০৮/০৯/২০১৬খ্রিঃ।
খ) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০১.০০৯.১৬-৮১৮ তারিখ:২০/০৯/২০১৬খ্রিঃ।
গ) বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয় এর স্মারক নং-৮০.২০০.০৫৬.০০.০০.০৫০.২০১৬-২৪২ তারিখ: ৩০/০৮/২০১৬।

26.09.16

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-১০ (মাধ্যমিক)
www.moedu.gov.bd

নং ৩৭.০০.০০০০.০৭১.০১.০০৯.১৬-৮১৮

তারিখ ঃ ০৫ আশ্বিন ১৪২৩
২০ সেপ্টেম্বর ২০১৬

বিষয় ঃ ৩৭ তম বি.সি.এস. এর প্রিলিমিনারি (M.C.Q type) পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য কেন্দ্র হিসেবে বিভাগীয় শহরের শিক্ষা প্রতিষ্ঠান ব্যবহারের নির্দেশনা সংক্রান্ত।

সূত্র ঃ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের পত্র নং-৮০.২০০.৫৬.০০.০০.০৫০.২০১৬-২৪২; তারিখ ঃ ৩০.০৮.২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৩০.০৯.২০১৬ তারিখ সকাল ৯.৩০ হতে ১১.৩০ পর্যন্ত ৩৭ তম বি.সি.এস. এর প্রিলিমিনারি (M.C.Q type) পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে ৭টি বিভাগীয় শহরের (ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর) শিক্ষা প্রতিষ্ঠান ব্যবহারে সার্বিক সহযোগিতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয় হতে অনুরোধ জানানো হয়েছে।

২। এমতাবস্থায়, ৩৭তম বি.সি.এস. এর প্রিলিমিনারি (M.C.Q type) পরীক্ষা সুষ্ঠভাবে অনুষ্ঠানের লক্ষ্যে ৭টি বিভাগীয় শহরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ সার্বিক সহযোগিতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক

(মোঃ এনামুল হক)
উপসচিব
ফোন ঃ ৯৫৭৬৭৮০

বিতরণঃ
১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ চট্টগ্রাম /দিনাজপুর/ রাজশাহী/ কুমিল্লা/বরিশাল/ যশোর/ সিলেট।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

অনুলিপি ঃ
১. সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (মাধ্যমিক)-এর ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moedu.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২৫.১৪. ২২০ তারিখ : ২৪ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ / ০৮ সেপ্টেম্বর ২০১৬ ইং

বিষয়: ৩৭তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট এর কার্যক্রম গ্রহণ সংক্রান্ত।

সূত্র: বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয় এর স্মারক নং-৮০.২০০.০৫৬.০০.০০.০৫০.২০১৬-২৪২, তারিখ: ৩০/০৮/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৩৭তম বিসিএস-এর প্রিলিমিনারি টেস্ট আগামী ৩০.০৯.২০১৬ তারিখ শুক্রবার সকাল ৯.৩০ হতে ১১.৩০ পর্যন্ত গ্রহণের বিষয়ে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত প্রিলিমিনারি টেস্ট ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর বিভাগীয় শহরের প্রায় ১৯০ টি শিক্ষা প্রতিষ্ঠানে একযোগে অনুষ্ঠিত হবে।

০২। বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত সময়ে ৭টি বিভাগীয় শহরের সরকারি কলেজ/স্কুল এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যাতে অন্য কোনো প্রতিষ্ঠানের পরীক্ষা কর্মসূচি না রাখা হয় সে ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

( সালমা জাহান )
উপসচিব
ফোন: ৯৫৫০৩৪১।

বিতরণ ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
২। রেজিস্ট্রার, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,শিক্ষা ভবন, ঢাকা।
৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড,ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/কুমিল্লা/যশোর/সিলেট/বরিশাল/দিনাজপুর।
৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২৫.১৪. তারিখ : ২৪ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ / ০৮ সেপ্টেম্বর ২০১৬ ইং

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :
১। চেয়ারম্যান, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন/মাধ্যমিক-১/২/মাদরাসা/কলেজ/কারিগরি/বিশ্ববিদ্যালয়),শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(সালমা জাহান )
উপসচিব

D:\Administrative Officer\Order (Autosaved).doc

সচিব

বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন ঃ +৮৮ ০২ ৫৫০০৬৬২২
ঃ +৮৮ ০২ ৯১৪৪০৫৪
ফ্যাক্স ঃ +৮৮ ০২ ৫৫০০৬৬২০
ই-মেইল ঃ secretary@bpsc.gov.bd

আধা-সরকারি পত্র নং: ৮০.২০০.০৫৬.০০.০০.০৫০.২০১৬-২৪২ তারিখ : ৩০ / ০৫ /২০১৬ খ্রি:

প্রিয় সহকর্মী,

আমার সালাম ও শুভেচ্ছা গ্রহণ করুন। আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, ৩৭তম বিসিএস পরীক্ষা-২০১৬ এর জন্য আবেদনকারী ২,৪৩,৪৭৬ জন প্রার্থীর ২০০ নম্বরের প্রিলিমিনারি (MCQ type) টেস্ট আগামী ৩০.০৯.২০১৬ খ্রি: তারিখ শুক্রবার সকাল ৯:৩০ হতে ১১:৩০ পর্যন্ত গ্রহণের বিষয়ে কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত প্রিলিমিনারি টেস্ট ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর বিভাগীয় শহরের প্রায় ১৯০টি শিক্ষা প্রতিষ্ঠানে একযোগে অনুষ্ঠিত হবে। পরীক্ষা গ্রহণের জন্য কমিশনের নিজস্ব কোনো অবকাঠামোগত সুবিধা না থাকায় এত বিপুল সংখ্যক প্রার্থীর জন্য বিসিএস পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে চিরাচরিত নিয়মে ৭টি বিভাগীয় শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের উপর কমিশনকে নির্ভর করতে হয়। আগামী ৩০.০৯.২০১৬ খ্রি: তারিখ শুক্রবার সকাল ৯:৩০ হতে ১১:৩০ পর্যন্ত উক্ত পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে পূর্বের ন্যায় ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর বিভাগীয় শহরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সাথে কমিশনের পক্ষ থেকে যোগাযোগ করা হয়েছে।

বিসিএস পরীক্ষা একটি অতীব গুরুত্বপূর্ণ জাতীয় পরীক্ষা। কাজেই ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর বিভাগীয় শহরের সরকারী কলেজ/স্কুল এবং অন্যান্য বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে ৩০.০৯.২০১৬ তারিখ শুক্রবার সকাল ৯:৩০ টায় ৩৭তম বিসিএস-এর প্রিলিমিনারি টেস্ট অনুষ্ঠানের কেন্দ্র হিসেবে ব্যবহারের সম্মতি প্রদানসহ এ ব্যাপারে সরকারী কর্ম কমিশনকে সকল প্রকার প্রশাসনিক সহযোগিতা প্রদানের জন্য শিক্ষা মন্ত্রণালয় থেকে একটি সাধারণ নির্দেশনা দিতে অনুরোধ করছি।

**বিশেষভাবে উল্লেখ্য, ৩০.০৯.২০১৬ তারিখ শুক্রবার ৭টি বিভাগীয় শহরের সরকারি কলেজ/স্কুল এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যাতে অন্য কোনো প্রতিষ্ঠানের পরীক্ষা কর্মসূচি না রাখা হয় সে ব্যাপারে সংশ্লিষ্ট সকল শিক্ষা বোর্ড, জাতীয় বিশ্ববিদ্যালয়, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং বিভাগীয় শহরসমূহের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা দিতে বিশেষভাবে অনুরোধ করছি।**

সিভিল সার্ভিসে উপযুক্ত প্রার্থী মনোনয়নের জন্য বিসিএস পরীক্ষা গ্রহণ করা কমিশনের সাংবিধানিক দায়িত্ব। সিভিল সার্ভিসে উপযুক্ত প্রার্থী মনোনয়নের এই গুরুত্বপূর্ণ পরীক্ষা প্রক্রিয়ায় কমিশনকে যাচিত সার্বিক সহায়তা প্রদানের জন্য আপনার সহযোগিতা কমিশন একান্তভাবে কামনা করছে।

আন্তরিকভাবে আপনার

৩০/০৮/১৬
( মো: নূরুন নবী তালুকদার)
সচিব

জনাব মোঃ সোহরাব হোসাইন
সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ

মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

কার্যার্থে অনুলিপি:

১. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
৪. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
৫. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৬. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।
৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৮. পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যায়,গাজীপুর-১৭০৪।
৯. পরীক্ষা নিয়ন্ত্রক,উন্মুক্ত বিশ্ববিদ্যায়,গাজীপুর-১৭০৫।